

তারিখ
পৃষ্ঠা
কলাম

কৃষি ভার্শিটির দুটি অনুষদে

অভিন্ন ডিগ্রীর দাবি ॥

ডিনদের মতানৈক্য

কৃষি বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ॥ এ বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার দীর্ঘ ৪১ বছর পর আবার ভেটেরিনারি ও পশুপালন অনুষদের শিক্ষার্থীরা পেশাগত দায়িত্বে ও একাডেমিক কোর্স কারিকুলামে বিবদমান সকল বৈষম্য ও দ্বন্দ্বের অবসান এবং একই ডিগ্রীর দাবিতে শুক্রবার এখানে সংবাদ সম্মেলন করে। এ নিয়ে দুটি অনুষদের ইন্টারন্যাশনাল দাবির গান্ধীপন্থি অভিন্ন কোর্স কারিকুলামে একই ডিগ্রীর দাবিতে শিক্ষার্থীরা নতুনভাবে মাঠে নেমেছেন। এতে দুটি অনুষদ প্রায় অচলের পড়ে।

জানা যায়, অতীত ও বর্তমান সরকার এ দুটি অনুষদকে একত্র করার উদ্যোগ নেয়, প্রভাবশালী শিক্ষকদের কারণে বারবার তা ভেঙে যায়। এবারের (২০০১-২০০২) কোর্স কারিকুলামে পশুপালন অনুষদ ভেটেরিনারির ৬টি বিষয় এবং ভেটেরিনারি অনুষদ পশুপালনের ৫টি বিষয় অন্তর্ভুক্ত করে। তাই দুটি অনুষদ পৃথক থাকার কোন যৌক্তিকতা নেই বলে নেতৃবৃন্দ জানান। আরও জানা যায়, অভিন্ন ডিগ্রী হলে সরকারের আর্থিক সাশ্রয় হবে, পেশাগত দায়িত্বে জটিলতা হবে না এবং পশুসম্পদ অধিদফতরে বিদ্যমান দ্বন্দ্বের অবসান হবে।

সংবাদ সম্মেলনে বিভিন্ন প্রশ্নের উত্তর দেন দুটি অনুষদীয় ছাত্র সমিতির ডিপি, জিএস প্রমুখ। তবে অনুষদ দুটির ডিন অভিন্ন ডিগ্রীর ব্যাপারে ভিন্নমত পোষণ করেছেন। পশুপালন অনুষদের নয়া ডিন প্রফেসর ড. মোঃ রইছুল আলম বিষয়টিকে বিভ্রান্তিমূলক বলে উল্লেখ করলেও ভেটেরিনারি অনুষদের ডিন প্রফেসর ড. মনোজ মোহন সেন এ উদ্যোগকে স্বাগত জানিয়েছেন।